

# CBHC



## জনসমাজের আচরণগত স্বাস্থ্যকেন্দ্র (CBHC) মানে কী?

লোকজন মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহার সংক্রান্ত সমস্যা থেকে মুক্তি পেতে যাতে আরও সহজে সাহায্য পায়, তার জন্য ম্যাসাচুসেটসে একটি নতুন উদ্যোগের অংশ হল জনসমাজের আচরণগত স্বাস্থ্যকেন্দ্র। এই কার্যক্রম সাধারণ মানুষের জন্য আচরণগত স্বাস্থ্যের সংস্কারের রূপরেখা বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক এবং আচরণগত স্বাস্থ্যের চিকিৎসা পাবার বিষয়টিকে আরও উন্নত করে তোলার প্রতি প্রতিবন্ধতা।

যাদের মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহার সংক্রান্ত সমস্যার জন্য পরিষেবার প্রয়োজন, তারা CBHC চিকিৎসাকেন্দ্রে সময়োচিতভাবে, উচ্চমানের এবং প্রমাণ-ভিত্তিক পরিচর্যা পাবেন। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিয়মমাফিক সাক্ষাৎ, জরুরিকালীন দেখানো, এবং 24/7 জনসমাজ-ভিত্তিক সংকটকালীন পরিষেবাসমূহ।

## কারা CBHC সার্ভিস ব্যবহার করতে পারবেন?

ম্যাসাচুসেটসের সবাই CBHC সার্ভিস ব্যবহার করতে পারবেন। কাউকে ফিরিয়ে দেওয়া হবে না। এই কার্যক্রম সব বয়সের লোকজনকে পরিষেবা দেবে - শিশু, কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কসহ।

### কেউ যদি সংকটের মধ্যে পড়েন তাহলে আমার কী করা উচিত?

**833-222-2030** নম্বরে **CHA Access** এবং সংকটকালীন লাইনে কল করুন। একজন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীসদস্য আপনাকে সাহায্য করবেন এবং নিশ্চিত করবেন যাতে আপনি আচরণগত স্বাস্থ্য পরিচর্যার সুযোগ পেতে পারেন।

**CBHC-এর অংশ হিসাবে, CHA** আমাদের জনসমাজগুলিতে **24/7** সংকটকালীন পরিষেবাগুলি দিচ্ছে। আমাদের আচরণগত স্বাস্থ্য বিষয়ক চিকিৎসকগণ লোকদের সাথে ফোনে কথা বলবেন, অথবা তাদের সঙ্গে তাদের বাড়িতে, বিদ্যালয়ে বা জনসমাজের অন্যান্য স্থানগুলিতে গিয়ে দেখা করবেন - কেমব্রিজ হাসপাতালে এবং মল্ডেন পরিচর্যাকেন্দ্রে স্থিত আমাদের আচরণগত স্বাস্থ্য সংক্রান্ত জরুরিকালীন পরিচর্যাকেন্দ্রগুলি সমেত। এটি আমাদের সংকটাপন্ন লোকদের অবস্থা নির্ণয়ে, তাদের চাহিদা মূল্যায়নে এবং তাদেরকে পরিচর্যার সাথে সংযুক্ত করতে সাহায্য করবে। মোবাইল সংকটকালীন পরিষেবার ক্ষেত্রে সাধারণত **1** ঘণ্টার মধ্যে জবাব পাওয়া যায়।

জরুরিকালীন চিকিৎসার ক্ষেত্রে অনুগ্রহ করে **911**-এ কল করুন।

## আর কী কী CBHC পরিষেবা উপলভ্য রয়েছে?

**24/7 ফোন লাইনটি 833-222-2030)** আচরণগত স্বাস্থ্য সমস্যায় থাকা লোকজনের সমস্যার সমাধান করার পাশাপাশি সংশ্লিষ্ট এলাকায় আচরণগত স্বাস্থ্য পরিষেবাগুলির ব্যাপারে তথ্য দেবে।

এছাড়া কেমব্রিজ হাসপাতালের **1493** কেমব্রিজ স্ট্রিট, কেমব্রিজ ও CHA মল্ডেন পরিচর্যাকেন্দ্রে স্থিত CHA-এর দুটি সশরীরে গিয়ে দেখানোর আচরণগত স্বাস্থ্য কেন্দ্র/জরুরিকালীন পরিচর্যা পরিষেবাকেন্দ্র রয়েছে।

অন্যান্য পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অতিরিক্ত সহসহাীদের সহায়তা গোষ্ঠী, উন্নত পরিচর্যা ব্যবস্থাপনা, এবং আরোগ্য প্রশিক্ষকগণ।

পিছনের পাতায় জারি রয়েছে



## আমার যদি আগে থেকেই একজন আচরণগত স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী থেকে থাকে তাহলে কী হবে?

তবুও আপনি তথ্য, সহায়তা পেতে এবং পরিচর্যাকেন্দ্রে প্রবেশাধিকার পাওয়ার জন্য CBHC-এর পরিষেবাগুলি ব্যবহার করতে পারেন। এর মধ্য অন্তর্ভুক্ত রয়েছে প্রবেশপ্রাপ্তি ও সংকটকালীন লাইনের **833-222-2030** নম্বরে কল করা অথবা কেমব্রিজ হাসপাতালে বা CHA মল্ডেন পরিচর্যাকেন্দ্রে স্থিত আচরণগত স্বাস্থ্যকেন্দ্র/জরুরিকালীন পরিচর্যাকেন্দ্রে ব্যবহার করা। আপনার চলমান পরিচর্যার অংশ হিসাবে আপনাকে আপনার নিয়মিত আচরণগত স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর কাছে পাঠানো হতে পারে।

## এর জন্য কি কোনো খরচ হবে?

সকল স্বাস্থ্য বিমার সাহায্যে আচরণগত হেলথ ক্রাইসিস সার্ভিসের খরচ জোগানো যেতে পারে। তবে যাদের বিমা নেই, তারাও এই সুবিধা পেতে পারেন। যাদের বিমা করা নেই, তাদেরকে MassHealth সার্ভিস দেবে।

CBHC-এর মাধ্যমে পরিচালিত অধিকাংশ বহির্বিভাগীয় আচরণগত স্বাস্থ্য পরিষেবাগুলি বিমার আওতাভুক্ত। আপনি নিচের প্রবেশপ্রাপ্তি ও সংকটকালীন লাইনে কল করে আরও তথ্য চাইতে পারেন

**833-222-2030**।

## CBHC কেন গুরুত্বপূর্ণ?

বিগত কয়েক বছর ধরে মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহার সংক্রান্ত সমস্যার জন্য সাহায্য পাওয়া অনেক কঠিন হয়ে উঠেছে। অনেক লোকজন চিকিৎসা পাননি বলে তাদের শারীরিক সমস্যা হয়েছে। অন্য অনেক লোকজন মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চিকিৎসার ক্ষেত্রে জরুরি বিভাগের সহায়তা ব্যবহার করেছেন। তাই হাসপাতালে অনেক ভিড় তৈরি হয়েছে এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনের কার্যকর ব্যবহার হচ্ছে না।

কমিউনিটি আচরণগত হেলথ সেন্টার মডেলের লক্ষ্য হলো সমস্যায় থাকা লোকজনকে আরও অ্যাক্সেস দিয়ে মানসিক স্বাস্থ্য সেবাকে উন্নত করা।

## আমার কাছাকাছি কি অন্যান্য CBHC রয়েছে?

হ্যাঁ! গোটা ম্যাসাচুসেটস জুড়ে 25টি CBHC রয়েছে।

মেট্রো বস্টন অঞ্চলের জন্য Cambridge Health Alliance হল একটি অন্যতম অনুমোদিত CBHC চিকিৎসাকেন্দ্র। CHA পরিষেবা এলাকা হল কেমব্রিজ, সমারভিল, এভারেট, মল্ডেন এবং মেডফোর্ড।

অন্যান্য স্থানীয় জনসমাজগুলিতে পরিষেবার প্রদানের জন্য অন্যান্য CBHC চিকিৎসাকেন্দ্র রয়েছে:

নর্থ সাফোক **CBHC 888-**

**309-1989**

14 পোর্টার স্ট্রিট, পূর্ব বস্টন

চেলসি, রিভিয়ার, পূর্ব বস্টন, উইনথ্রপ এবং চার্লসটাউনে পরিষেবা প্রদান করছে

বস্টন মেডিক্যাল সেন্টার **CBHC**

850 হ্যারিসন এভিনিউ, বস্টন

বস্টন, ব্রাইটন, ব্রুকলিনে পরিষেবা প্রদান করছে